

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
উপজেলা পরিসংখ্যান কার্যালয়  
গোয়ালন্দ, রাজবাড়ী।

bbs.goalanda.rajbari.gov.bd

নৈতিকতা সভার কার্যবিবরণী

সভার তারিখ : ২৫ মার্চ ২০২৪  
সময় : সকাল ১০.০০ ঘটিকা  
স্থান : উপজেলা পরিসংখ্যান কার্যালয়, গোয়ালন্দ, রাজবাড়ী  
সভাপতি : দিষ্টী রানী পাল, পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, গোয়ালন্দ, রাজবাড়ী  
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে সভায় উপস্থিত থেকে পরিসংখ্যান কর্মকর্তা দিষ্টী রানী পাল বলেন, জাতীয় শূদ্ধাচার কৌশল সরকারের একটি যুগোপযোগী পদক্ষেপ। শূদ্ধাচার কৌশল প্রণয়নের মূল উদ্দেশ্য সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্ব-স্ব কর্মসম্পাদনের মাধ্যমে সরকারের সকল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা। অতঃপর সভাপতি এজেন্ডা অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

০২। সভার আলোচ্য বিষয় গুলো হলোঃ

- ২০২৩-২৪ অর্থবছরের ক্রয় পরিকল্পনা গ্রহণ ও ওয়েবসাইটে প্রকাশ;
- অফিসের প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীর নৈমন্তিক ছুটির রেজিস্টার নিয়মিত হালনাগাদ করণ;
- সরকারী যানবাহনের যথাযথ ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণ;
- বিবিধ।

০৩। আলোচ্য বিষয়ের উপর উপস্থিত সদস্যগণ মতামত প্রদান করেন। সভাপতি আলোচ্য বিষয়সমূহ বাস্তবায়ন এবং প্রমাণক সংরক্ষণের উপর গুরুত্বারোপ করেন।

০৪। বিস্তারিত আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

- ২০২৩-২৪ অর্থবছরের বাজেট প্রাপ্যতার উপর ভিত্তি করে ক্রয় পরিকল্পনা গ্রহণ ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে;
- অফিসের প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীর নৈমন্তিক ছুটির রেজিস্টার নিয়মিত হালনাগাদ করণ করা হবে;
- সরকারি মোটরসাইকেলের যথাযথ ব্যবহার ও নিয়মিত সার্ভিসিং নিশ্চিত করতে হবে এবং এই বিষয়ে ষাণ্মাসিক প্রতিবেদন দাখিল করতে হবে।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজবাড়ী।

০২। অফিস কপি।

*Deity*  
25.03.24

(দিষ্টী রানী পাল)

পরিসংখ্যান কর্মকর্তা

উপজেলা পরিসংখ্যান কার্যালয়,

গোয়ালন্দ, রাজবাড়ী।

☐☐০১৭৪৩৫৩৬০০৪

☐ diptybbs২০@gmail.com